গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চুয়াডাঙ্গা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা

☎ - 0761-62610
📱 -01721-734078
ই-মেইল-chuadangagov.college@yahoo.com
ওয়েব সাইট: www.chuagovtcollege.com

স্মারকঃ ০২/২০২৩ তারিখঃ ০২-১০-২০২৩ ইং

# বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত তালিকা অনুযায়ী ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহনেচ্ছু ছাত্র-ছাত্রীদের ফরম পূরণ ও ফিস জমাদান আগামী ২৭/০৯/২০২৩ খ্রি. হতে ১৮/১০/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত নির্ধারণ করা হলো। প্রথমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের (https://www.nubd.info/formfillup ) এই লিংকে প্রবেশ করে ২০২২ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের ফরম ফিল আপ এর ফরম ডাউনলোড করে প্রিন্ট করতে হবে এবং কলেজের ওয়েবসাইট (http://www.chuadangacollege.gov.bd) প্রবেশ করে ফিস প্রদান করতে হবে।

**বি:দ্র: নির্ধারিত তারিখ পর্যন্ত ২৪ ঘন্টা অন-লাইন পেমেন্ট চালু থাকবে এবং বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ নেই।**

ই-পেমেন্ট সফটওয়্যার ব্যবহারের নিয়ম:

**ধাপ-১** শিক্ষার্থীকে অবশ্যই https://www.chuadangacollege.gov.bd লিঙ্কে প্রবেশ করতে হবে এবং **শিক্ষার্থী রেজিস্ট্রেশন** বাটনে ক্লিক করে তার একাডেমিক তথ্যগুলো রেজিস্ট্রেশন ফরমে প্রদান করে Submit বাটনে ক্লিক করে কলেজের সেন্ট্রাল ডেটাবেজে সংযুক্ত হতে হবে। (যারা ইতোপূর্বে রেজিস্ট্রেশন করেছে তাদের পূনরায় রেজিস্ট্রেশন করার প্রয়োজন নেই, তারা সরাসরি মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিয়ে লগইন করতে পারবে)।

**ধাপ-২** অতঃপর শিক্ষার্থী তার মোবাইল নম্বর ও পাসওয়ার্ড দিয়ে নিজ প্রোফাইলে লগইন করবে (কলেজের ওয়েবসাইটের হোম পেইজে শিক্ষার্থী লগইন মেনু থেকেও লগইন করতে পারবে) এবং মেনু থেকে Pay Now অপশন ক্লিক করে তাদের ফি সিলেক্ট করে অনলাইনে যেকোন মোবাইল ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে পেমেন্ট সম্পন্ন করবে।

**ধাপ-৩** পেমেন্ট রশিদ ডাউনলোড/প্রিন্ট করার জন্য নিজ প্রোফাইলে লগইন করবে এবং মেনু থেকে Payment History অপশন সিলেক্ট করে প্রয়োজন অনুযায়ী রশিদ ডাউনলোড/প্রিন্ট করতে হবে।

ই-পেমেন্ট সংক্রান্ত হট-লাইন: ০১৮৭৬ ৭৭ ৭৭ ৮৯ (শুধুমাত্র WhatsApp এ মেসেজে)।

## ডিগ্রী ১ম বর্ষ পরীক্ষা-২০২২ এর ফরম পূরণর ফিসের বিবরণঃ-

| ক্রঃ নং | খাতের বিবরণ | ১ম বর্ষ-(৭০০নম্বর) নিয়মিত/প্রাইভেট | সার্টিফিকেট কোর্স (২০০নম্বর) | মানন্নোয়ন/অনিয়মিত |
|---|---|---|---|---|
| ০১. | পরীক্ষার ফিস | ৮০০/- | ৩০০/- | ৩০০/- |
| ০২. | কেন্দ্র ফিস | ৪৫০/- | ৪৫০/- | ৪৫০/- |
| ০৩. | ব্যবস্থাপনা ফিস | ৫০/- | ৫০/- | ৫০/- |
| | সর্বমোট টাকা= | ১,৩০০/- | ৮০০/- | ৮০০+প্রতিপত্র১০০/- +১০০/- ইনকোস (পূর্বে না দিলে) |

কাগজপত্র জমাদান: (প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১:০০ টা পর্যন্ত)

| পরীক্ষার্থীর ধরণ | জমা দেয়ার তারিখ | জমা দেয়ার স্থান |
|---|---|---|
| বি.এ | ১৫-১০-২০২৩ (রবিবার) | পরীক্ষা ভবন ৩য় তলা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ সেমিনার |
| বি.এস.এস | ১৭-১০-২০২৩(মঙ্গলবার) | পরীক্ষা ভবন ৩য় তলা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ সেমিনার |
| বি.বি.এস/বি.এস.সি./প্রাইভেট ও অন্যান্য | ১৮-১০-২০২৩ (বুধবার) | পরীক্ষা ভবন ৩য় তলা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ সেমিনার |

**আবেদন পত্রের সাথে যে সকল প্রয়োজনীয় কাগজ পত্র দিতে হবেঃ-**

১। অনলাইন থেকে আবেদন ফরম সংগ্রহ করে স্বাক্ষর প্রদানপূর্বক জমা দিতে হবে।
২। জমাকৃত টাকার রশিদ (ভর্তি ও ফরম পূরণ বাবদ)
৩। মূল রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১ টি।
৪। সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

বিঃদ্রঃ অনিয়মিত পরীক্ষার্থীদের যারা গতবার ফরমপূরণ করেছে তাদের ফরম পূরণ রশিদের কপি দেখাতে হবে। যারা ফরমপূরণ করেনি তাদের আবেদন পৃথক পূনঃভর্তি হয়ে ফরম পূরণকরতে হবে।

০২/১০/২৩ 02.10.23

অধ্যক্ষ
চুয়াডাঙ্গা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা
অধ্যক্ষ
চুয়াডাঙ্গা সরকারি কলেজ
চুয়াডাঙ্গা।

আহবায়ক
ডিগ্রী(পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ ফরম পূরণ কমিটি-২০২২
চুয়াডাঙ্গা সরকারি কলেজ, চুয়াডাঙ্গা